

## বলা হলোনা সেই কথাটি

সারাটা দিন কেটে গেল তোমার সাথে চমৎকার ।

কথামতোই চারুকলার গেটে হাজির ছিলাম সাতসকালে  
দেখা হতেই চোখের আলো ঝিলিক দিয়ে উঠেছিল  
ঠোঁটের কোণে,

মৌখিক সম্ভাষণের কোন প্রয়োজনই পড়েনি ।

হাতে হাত অতঃপর হেঁটে গেছি পাশাপাশি

শিশু একাডেমির দক্ষিণ কোণা অবধি

ফেরার পথে তিন নেতার মাজার ঘেষে ঘাসের চত্বরে

বসেছি খানিকক্ষণ, সূর্যকে পিঠে পেতে

টুকটাক কথার মাঝে আনমনে ঘাসের ডগা কেটেছি নখে ।

তারপর সরওয়াদি উদ্যান আড়াআড়ি পার হয়ে

রমনা পার্কের ঝিল পাড়ে পৌঁছেছি একসময়,

ফুলের কেয়ারীতে প্রজাপতি আর

মৌমাছির নাচানাচি দেখতে দেখতে

পাশাপাশি বসে চিনে বাদামের খোসা ছাড়িয়ে

কেটেছে দুপুর পর্যন্ত । ঠাসাঠাসি রিকশায় এলিফ্যান্ট রোড,

ফাস্টফুডের কাউন্টারে দাঁড়িয়ে স্যান্ডউইচ চিবিয়ে,

কোল্ড ড্রিংয়ে চুমুক দিয়ে সারা হয়েছে বিকল্প লাঞ্চ ।

পেট জুড়োল তো দেবী না করে চটপট উঠে পড়লাম

সিএনজিতে, মিরপুর রোড ধরে সংসদের দক্ষিণে

ছায়া বৃক্ষের নিচে দীর্ঘ অলস সময় । পড়ন্ত বিকেলে

নির্জনতা ছাপিয়ে জোড়ায় জোড়ায় প্রেমিক প্রেমিকা,

আন্ডা বাচ্চা নিয়ে পুরো পরিবার জমতে শুরু করলে

উঠে পড়লাম দু'জনে । সংসদের উত্তরে ঝিল পার হয়ে

এক সময় নিজেদের খুঁজে পেলাম চন্দ্রিমা উদ্যানের মধ্যখানে ।

সারি ধরে বেড়ে উঠা গাছের ফাঁকে ফাঁকে এলোমেলো হেঁটে

খানিকক্ষণ ঝিলের বাঁধানো পাড়ে মুখোমুখি বসে

সন্ধ্যাতারার ফুটে ওঠা দেখলাম পশ্চিম বলয়ে ।

নিরিবিলিতে সন্ধ্যায় এখানে যুগলে বসা নাকি

অযথাই বিপদ ডেকে আনে, তাই ভাল লাগলেও  
অনিচ্ছায় উঠে পড়তে হলো। রিকশায় ফার্মগেট, তারপর  
ওভার ব্রিজ পার হয়ে ওপার থেকে আবার সিএনজিতে  
মিন্টো রোড ধরে সরাসরি ঢুকলাম বেইলী রোড,  
ফুটপাথের টঙ থেকে ঝটপট ঝালঝাল দু'প্লেট চটপটি,  
মহিলা সমিতির মিলনায়তনে দু'টো টিকেট কিনে থিয়েটার  
বিরতিতে ঠোঙায় করে ঝালঝুড়ি চানাচুর বাদাম।

রাত ন'টায় বেরিয়ে রিকশা নিয়ে সিধে সূত্রাপুর,  
গলির ভেতর তোমাদের বাসা, তেতলায়।  
গেটে কড়া নাড়তেই টুপ করে জ্বললো জানালায় আলো,  
ভেজানো দরজা ঠেলে তুমি পা রাখলে ভিতরে।  
কী এক হৃদয় হাহাকার করা শূন্যতায় পা টেনে টেনে  
গলি ধরে আমি ফিরে এলাম মেইন রোডে, পকেট প্রায় শূন্য  
যেতে হবে অনেকদূর, সেই শেওড়া পাড়ায়, গুলিস্তান থেকে  
বাস ধরে যেতে যেতে বাজলো রাত সাড়ে এগারটা।

তোমার সাথে সারাটা দিন কাটলো অত্যন্ত চমৎকার,  
হাজার কথা বিনিময় হলেও শেষ পর্যন্ত বলা হলোনা  
সেই কথাটি, যেটা বলার জন্যই এতো আয়োজন,  
দু'জনের কেউই যেন কেন বললাম না, আমি তোমাকে ভালবাসি।

ঢাকা : ১১.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম